

স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.৩১৭.২০১২- ৯৭

তারিখঃ ২১/০১/২০১৮ খ্রিঃ।


বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১০০৬৮/২০১২ মামলার গত ৩০/০৭/২০১৩খ্রিঃ তারিখের রায় বাস্তবায়নের জন্য লিগ্যাল নোটিশের জবাব প্রসঙ্গে।

- সূত্রঃ (১) বেগম নাহিদা ইয়াসমীন, এডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক প্রেরিত গত ৩০/১১/২০১৭খ্রিঃ তারিখের উকিল নোটিশ;
(২) আইন-২ শাখার স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.৩১৭.২০১২-২৬৬, তারিখঃ ১২/১২/২০১৭ খ্রিঃ;
(৩) প্রধান প্রকৌশলী, ডিপিএইচই'র গত ২৬/১২/২০১৭খ্রিঃ তারিখের ২৬৪৬ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য ০৩(তিন) জন কর্মচারী বাদী হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ১০০৬৮/২০১২নং রিট পিটিশন দায়ের করেন। উক্ত রিট পিটিশনে গত ৩০/০৭/২০১৩ তারিখের রায়ে মামলার বাদীদের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য রেসপন্ডেন্টগণকে নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক মামলার বাদীদের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণ করা হয়েছে। কিন্তু বাদীদের চাকুরির ধারবাহিকতাসহ অন্যান্য সুবিধাদি প্রদানের জন্য ১নং সূত্রে উকিল নোটিশ প্রদান করেছেন। উক্ত নোটিশের জবাব নোটিশ প্রদানকারী বিজ্ঞ আইনজীবী ও এ বিভাগের আইন-২ শাখায় প্রেরণের জন্য সূত্রোক্ত ২নং স্মারকে প্রধান প্রকৌশলী, ডিপিএইচইকে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সূত্রোক্ত ৩নং স্মারকে উল্লেখ করা হয়েছে যেহেতু প্রকল্প সমাপ্তির সাথে সাথে পিটিশনারদের চাকুরি সমাপ্ত হয়েছে এবং বর্ণিত পিটিশনারগণ অত্র অধিদপ্তরে কর্মরত ছিলেন না এবং প্রকল্প সমাপ্তির পর হতে রাজস্ব বাজেটে আত্মীকরণের পূর্ব পর্যন্ত পিটিশনারদের বিষয়ে তথ্যাদি অত্র অধিদপ্তরে সংরক্ষিত নেই। সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রায়/আদেশ মোতাবেক পিটিশনারদেরকে রাজস্ব বাজেটে আত্মীকরণ করা হয়েছে, বকেয়া বেতন ভাতাদি প্রদান বা চাকুরির ধারবাহিকতা প্রদান করা সম্ভব হয়নি। উক্ত পত্র পর্যালোচনা দেখা যায় উকিল নোটিশের দফাওয়ারী জবাব প্রদান করা হয়নি। নোটিশের ৪নং কলামে উল্লেখ করা হয়েছে সরকার ইতোপূর্বে কিছু কর্মচারীকে চাকুরির ধারবাহিকতা রক্ষাসহ অন্যান্য সুবিধাদি প্রদানের মাধ্যমে রাজস্বখাতে আত্মীকরণ করেছে। এ বিষয়ে প্রধান প্রকৌশলীর পক্ষে কিছু উল্লেখ করা হয়নি। বিষয়টি নিষ্পত্তির জন্য ঘটনার প্রকৃত বিবরণীসহ সুস্পষ্ট দফাওয়ারী জবাব প্রয়োজন।

০২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১০০৬৮/২০১২ মামলার গত ৩০/০৭/২০১৩খ্রিঃ তারিখের রায় পুরোপুরি বাস্তবায়ন হয়েছে কি না সে বিষয়ে সঠিক ব্যাখ্যাসহ উকিল নোটিশের সুস্পষ্ট দফাওয়ারী জবাব পত্র প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে নোটিশ প্রদানকারী আইনজীবীর নিকট ও স্থানীয় সরকার বিভাগের আইন-২ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৯৭

প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। উপসচিব (পাস-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। বেগম নাহিদা ইয়াসমীন, এডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (চেষ্টাঃ কক্ষ নং-৩০০৬(এনেক্স)(৩য় তলা), সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন ভবন, শাহবাগ, ঢাকা);
- ৫। অফিস/মাস্টার কপি।